

# আমরা আপনার তথ্য গোপন রাখব

আপনি আমাদের যা বলবেন তা গোপনীয়। তার মানে আপনি আমাদের যা বলবেন বা দেবেন তা আমরা কাউকে বলতে পারি না - আপনি সম্মতি না দিলে।

অনেক সময় লিগ্যাল এইড একই মামলায় একাধিক ব্যক্তিকে সাহায্য করতে পারে। আমাদের বহু উকিল আছেন। সুতরাং আমাদের একজন উকিল আপনাকে সাহায্য করতে পারেন, এবং আর একজন লিগ্যাল এইড উকিল আপনার যার সাথে বিবাদ আছে তাকেও সাহায্য করতে পারেন।

অথবা অন্য আর একজন উকিল আপনার মামলায় সংযুক্ত অন্য কাউকেও সাহায্য করতে পারেন।

আপনি আমাদের সাহায্য নিলে, আমরা যেভাবে আপনার গোপন তথ্য ব্যবহার করব তাতে আপনি রাজি আছেন।

## আপনার উকিলের কাছে কেবল আপনার বিষয়ে তথ্য থাকবে

যার মানে আপনার উকিল:

- অন্য ব্যক্তির বিষয়ে কিছুই জানবেন না
- অন্য ব্যক্তির বিষয়ে তথ্য পাবেন না, এবং
- আপনার কোনও তথ্য অন্য ব্যক্তির উকিলকে জানাবেন না।

আর অন্য ব্যক্তির উকিল আপনার বা আপনার মামলার বিষয়ে কিছুই জানবেন না।

## আপনার কী কোনও প্রশ্ন আছে?

আমরা কীভাবে আপনার গোপন তথ্য ব্যবহার করি সেই বিষয়ে আপনার কোনও প্রশ্ন থাকলে, উকিলকে জিজ্ঞাসা করুন, ওনাকে আপনার আইনী সমস্যার বিষয়ে কিছু বলার আগে।